

Shorboto Mongolo Radhe lyrics in Bengali

সর্বত মঙ্গল লো রাধে বিনোদিনী রাই
বৃন্দাবনের বংশীধারী ঠাকুরও কানাই
একলা রাধে জল ভরিতে যমুনাতে যায়
পিছন থেকে কৃষ্ণ তখন আড়ে আড়ে চায়

জল ভর জল ভর রাধে,
ও গোয়ালের ঝি
কলস আমার পূর্ণ কর রাধে বিনোদি

জল ভর জল ভর রাধে,
ও গোয়ালের ঝি
কলস আমার পূর্ণ কর রাধে বিনোদি

কালো মানিক হাত পেতেছে
চাঁদ ধরিতে চায়
বামন কি আর হাত বাড়ালে চাঁদের দেখা পায়
কালো মানিক হাত পেতেছে
চাঁদ ধরিতে চায়
বামন কি আর হাত বাড়ালে চাঁদের দেখা পায়

কালো কালো করিস না লো...ও
গোয়ালের ঝি..
আমায় বিধাতা গড়েছে কালো
আমি করব কী...
কালো কালো করিস না লো...ও
গোয়ালের ঝি..
আমায় বিধাতা গড়েছে কালো
আমি করব কী...

এক কালো যমুনার জল
সর্ব প্রাণী খায়
আরেক কালো আমি কৃষ্ণ
সকল রাধে চায়
এক কালো যমুনার জল

সর্ব প্রাণী খায়
আরেক কালো আমি কৃষ্ণ
সকল রাধে চায়

এই কথা শুনিয়া কানাই বাঁশি হাতে নিল
সর্প হয়ে কালো বাঁশি রাধেকে দংশিল
ডান পায়ে দংশিল রাধের
বাম পায়ে ধরিল

মোরলাম মোরলাম বলে রাধে জমিনে পড়িলো
মরবেনা মরবেনা রাধে
মন্ত্র ভালো জানি
দুই এক খানা ঝাড়া দিয়েই বিষ করিবো পানি
রবেনা মরবেনা রাধে
মন্ত্র ভালো জানি
দুই এক খানা ঝাড়া দিয়েই বিষ করিবো পানি

এমনো অঙ্গেরও বিষ যে ঝাড়িতে পারে
সোনার এই যৌবনখানি দান করিব তারে...
এমনো অঙ্গেরও বিষ যে ঝাড়িতে পারে
সোনার এই যৌবনখানি দান করিব তারে...

এই কথা শুনিয়া কানাই বিষ ঝারিয়া দিল
ঝেড়ে ঝেড়ে রাধে তখন গৃহবাসে গেল

গৃহবাসে গিয়ে রাধে আঁড়ে বিছায় চুল
কদমতলায় থাইকা কানাই ফিককা মারে ফুল

গৃহবাসে গিয়ে রাধে আঁড়ে বিছায় চুল
কদমতলায় থাইকা কানাই ফিককা মারে ফুল

বিয়া নাকি করো কানাই
বিয়া নাকি করো
পরেরও রমণী দেখে জ্বালায় জ্বলে মরো

বিয়া নাকি করো কানাই
বিয়া নাকি করো
পরেরও রমণী দেখে জ্বালায় জ্বলে মরো

বিয়া তো করিব রাধে
বিয়া তো করিব
তোমার মত সুন্দর রাধে
কোথায় গেলে পাব

বিয়া তো করিব রাধে
বিয়া তো করিব
তোমার মত সুন্দর রাধে
কোথায় গেলে পাব

আমার মত সুন্দর রাধে
যদি পেতে চাও
গলায় কলসি বেঁধে যমুনাতে যাও

কোথায় পাব হার কলসি
কোথায় পাব দড়ি
তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি

কোথায় পাব হার কলসি
কোথায় পাব দড়ি
তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি

তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি

তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি

তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি

তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি
তুমি হও যমুনা রাধে
আমি ডুইবা মরি